

QP Code: 23/PT/1/VIIC

স্নাতকোত্তর পাঠক্রম (P.G.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) : জুন, ২০২৩ / ডিসেম্বর, ২০২৩

বাংলা (Bengali)

সপ্তম পত্র – গ (7C Paper)

BANGLADESHER SAHITYA

সময় : চার ঘণ্টা

Time : 4 hours

পূর্ণমান : ১০০

Full Marks : 100

(মানের গুরুত্ব : ৮০%)

(Weightage of Marks : 80%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting. The figures in the margin indicate full marks.

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) : ১৮ × ২ = ৩৬

ক) মুক্তিযুদ্ধ বাংলাদেশের বাংলা সাহিত্যকে কীভাবে প্রভাবিত করেছে উদাহরণসহ আলোচনা করুন।

খ) বাংলাদেশের কবিতার ধারায় কবি আল মাহমুদ-এর কবিকৃতির পরিচয় দিন।

গ) ‘স্বরূপের সন্ধান’ প্রবন্ধে আনিসুজ্জামান বাঙালি মুসলমানের স্বরূপ যেভাবে উন্মোচন করেছেন প্রবন্ধ অবলম্বনে তার পরিচয় দিন।

ঘ) ‘লালসালু’ উপন্যাসের মধ্য দিয়ে ঔপন্যাসিক ওয়ালীউল্লাহ কীভাবে ভণ্ড ধর্মব্যবসায়ীর মুখোশ খুলে দিয়েছেন আলোচনা করুন।

২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) : ১২ × ৩ = ৩৬

ক) ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারির চলচিত্র ও পটভূমি কীভাবে ‘কবর’ নাটকে ধরা পড়েছে সংক্ষেপে লিখুন।

TE/PG(TH)20177

[Turn over

- খ) শাসমুর রাহমানের কবিতায় স্বদেশ প্রেমের যে ছবি ফুটে ওঠে উদাহরণসহ তার পরিচয় দিন ।
- গ) ‘কি চাহ শঙ্খাচিল’ নাটক অবলম্বনে রৌশনারা-র জীবনে ট্রাজেডির স্বরূপ ব্যাখ্যা করুন ।
- ঘ) মানুষের জীবনে সভ্যতা ও সংস্কৃতির ক্ষেত্রে সাহিত্যের ভূমিকা কোথায় আবুল ফজলের ‘সাহিত্যের পথ ও সাধনা’ অবলম্বনে ব্যাখ্যা করুন ।
- ঙ) ‘নীল ময়ূরের যৌবন’ প্রকৃতপক্ষে একটি রূপক কাহিনি — উপন্যাস অবলম্বনে মন্তব্যটি বিচার করুন ।
- চ) ‘শকুন’ গল্পে সমকালীন পূর্ববঙ্গের আর্থ-সামাজিক ও রাজনৈতিক বাস্তবতার যে ছবি ধরা পড়েছে তার পরিচয় দিন ।
- ৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ১৫০ শব্দে) : ৭ × ৪ = ২৮
- ক) “লোক থেকে লোকান্তর আমি যেন স্তব্ধ হয়ে শুনি
আহত কবির গান । কবিতার আসন্ন বিজয় ।”
— উদ্ধৃতিটির মর্মার্থ বিশ্লেষণ করুন ।
- খ) “... সমস্ত বাংলাই বুঝি
গরম বারুদ হয়ে গেছে ফের ।”
— সপ্রসঙ্গ ব্যাখ্যা করুন ।
- গ) “আমাদের শপথের প্রদীপ্ত স্বাক্ষরে
নূতন অগ্নিশিখা জ্বলবেই —”
— এ কথার তাৎপর্য কী ?
- ঘ) “এক হিসেবে সাহিত্যমাত্রেরই অপয়োজনীয় এবং অবাস্তব ।” — একথা বলার তাৎপর্য কী ?
- ঙ) “আমাদের মেয়েদের নামগুলো কি শুধু সেন্সাস রিপোর্টের পাতা ভর্তি করে রাখবার জন্যই ?” — সপ্রসঙ্গ ব্যাখ্যা করুন ।

- চ) “উপড়ে ফেলতে হবে ওটা । আমরা যখন এ-বাড়িতে এসে উঠেছি তখন এখানে কোনো হিন্দুয়ানির চিহ্ন আর সহ্য করা হবে না ।” — একথা বলার কারণ কী ? সপ্রসঙ্গ ব্যাখ্যা করুন । ২ + ৫
- ছ) “ক্ষমতাশালী বড় মানুষের মত দুই এক কদম হাঁটল সে । নিজেকে মনে হল রাজাবাদশাহ ।” — এরকম মনে হওয়ার কারণ কী ? প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করুন । ২ + ৫
- জ) “হামার ভিটাত পাঁচ পুরুষের পত্তন চ্যাই । হামি ভিটা অন্ধকার র্যাখা মরব্যার প্যারমো না ।” — বক্তা কে ? একথা বলার কারণ কী ? ১ + ৬
-